দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 07 JUN 2016 ...
পৃষ্ঠা ...৪... কলাম ...২...

# রাবি'র প্রফেসর তাহের হত্যার বিচার দ্রুত নিষ্পত্তির দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রফেসর ড. এস তাহের আহমেদ হত্যা মামলা আপিল বিভাগে দ্রুত নিষ্পত্তি করে রায় কার্যকরের দাবি জানিয়েছেন শিক্ষক সহকর্মীবৃন্দ। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা এলামনাই এ্যাসোসিয়েশনের নির্বাহী কমিটি এক জরুরি সভায় নির্মম এই হত্যাকাণ্ডের ১০ বছর পেরিয়ে যাবার পরও মামলা চূড়ান্ত নিষ্পত্তি না করায় ক্ষোভ প্রকাশ করে। সংগঠনের সভাপতি অধ্যাপক ড. মুশফিক আহমদ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. সৈয়দ সামসুদ্দিন আহমেদ স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানান হয়, ড. এস তাহের আহমেদের হত্যার বিচার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে দোষীদের শাস্তি দ্রুত কার্যকরের দাবি জানানো হয় ঐ সভায়। ২০০৬ সালের পহেলা ফেব্রুয়ারি দুর্বৃত্তের হাতে রাজশাহী বিশ্বদ্যিালয় ক্যাম্পাসে নিজ বাসভবনে নির্মমভাবে খুন হন ড. এস তাহের আহমেদ। নিম্ন আদালত একই বিভাগের শিক্ষক ড. মিয়া মোঃ মহীউদ্দিনসহ চারজনের ফাঁসির আদেশ প্রদান করে। হাইকোর্ট শিক্ষক ড. মিয়া মোঃ মহিউদ্দিন ও কেয়ারটেকার জাহাঙ্গীর আলমের ফাঁসির রায় বহাল রাখে এবং অন্য দুইজন আব্দুস সালাম ও নাজমুলের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দেয়।